



সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২

Sylhet Palli Bidyut Samity-2

দরবন্ত, জৈন্তাপুর, সিলেট।



E-mail : sylhetpbs2@gmail.com

স্মারক নং- ২৭.১২.৯১৫৩.৫৫৮.০২.০০৮.২৬. ২০৭৬

তারিখ ১২ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
২৮ অক্টোবর ২০২৬ খ্রিঃ

“নিয়োগ বিজ্ঞপ্তি”

সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর “জুনিয়র প্রশাসনিক সহকারী” পদে পদোন্নতির মাধ্যমে লোকবল নিয়োগের নিমিত্তে পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর চাকুরী বিধি-১৯৯২ (সংশোধিত ২০১২) অনুযায়ী পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত কম্পিউটার অপারেটরের নিকট হতে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

পদের নামঃ জুনিয়র প্রশাসনিক সহকারী

পদের নাম ও পদ সংখ্যা	বেতন ও অন্যান্য ভাতা	প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা
জুনিয়র প্রশাসনিক সহকারী ০১(এক)টি	পবিস নির্দেশিকা ৩০০-১৩, ৩০০-১৭ অনুযায়ী বেতন ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে।	(ক) কম্পিউটার অপারেটর পদে ০৫ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। (খ) প্রতি মিনিটে ইংরেজী ৬০ ও বাংলায় ৪০ শব্দ শ্রুতি লিখনে সক্ষম হতে (গ) প্রতি মিনিটে ইংরেজী ৩৫ অথবা বাংলায় ৩০ শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে। (ঘ) বাংলা ও ইংরেজী ব্যাকরণসহ বানান, বিরামচিহ্ন ব্যবহার ও বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। (ঙ) দাপ্তরিক চিঠিপত্র, প্রতিবেদন ইত্যাদি নথিভুক্ত করণে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। (চ) কম্পিউটার উইন্ডোজ অপারেটিং সিস্টেম সম্পর্কিত জ্ঞান থাকতে হবে। (ছ) কম্পিউটার স্প্রেড শীট প্রণয়নের দক্ষতা থাকতে হবে। (জ) ডাটা ব্যাক-আপ ও হার্ডওয়্যার মেইনটেন্যান্স এর জ্ঞান থাকতে হবে। (ঝ) পদোন্নতির ক্ষেত্রে পবিস নির্দেশিকা ৩০০-২৪ এর সকল শর্ত অবশ্যই পূরণ থাকতে হবে। (ঞ) দাপ্তরিক দায়িত্ব পালনে কর্মদক্ষতা ও উন্নত কৌশল অর্জনে আগ্রহী হতে হবে।

শর্তাবলীঃ

০১। বর্ণিত পদে নিয়োগ লাভে আগ্রহী এবং সংশ্লিষ্ট নির্দেশিকার আলোকে যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে খামের উপরে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে স্বহস্তে লিখিত আবেদনপত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ঠ) বর্তমান পদে চাকুরীতে নিয়মিতকরণের তারিখ (ড) একই পদে অন্য কোন পবিস-এ পরীক্ষায় অংশগ্রহণ করে থাকলে পবিসের নাম ও তারিখ উল্লেখ পূর্বক আবেদন পত্রসহ আগামী ১৮/১১/২০২৬ খ্রিঃ তারিখ রোজ সোমবার অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকঘোশে/কুরিয়ার ঘোশে/ হাতে হাতে সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, দরবন্ত, জৈন্তাপুর, সিলেট বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

আবেদনকারী প্রার্থীগণের পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের তারিখ ও সময় পরবর্তীতে অবহিত করা হবে।

০২। আবেদনপত্রের সহিত নিম্নে বর্ণিত কাগজপত্র এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়ন পূর্বক সংযুক্ত করতে হবেঃ

- বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের ফটোকপি।
- পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের ফটোকপি।
- বিগত ০৪ (চার) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি।
- সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
- ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি।
- জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।
- সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি রজিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- আবেদনকারীকে পদোন্নতির জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ, বিনা আপত্তির সনদপত্র এবং বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে) উল্লেখ পূর্বক প্রত্যয়নপত্র আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।
- বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

৬৭

চলমান পাতা

পাতা নং-০২

০৩। উচ্চতর পদে পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিভাগীয় প্রার্থীকে বিবেচনা করা হবে না।

(ক) কোন কর্মচারীর উপর কোন দণ্ড আরোপ করা হলে তিনি তার দণ্ড ভোগের মেয়াদ শেষে লঘুদণ্ডের ক্ষেত্রে পরবর্তী ০১(এক) বছর এবং গুরুদণ্ডের ক্ষেত্রে পরবর্তী ০২(দুই) বছর পদোন্নতির জন্য যোগ্য বিবেচিত হবেন না।

(খ) পদোন্নতির জন্য ০৩(তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;

(গ) বর্তমানে বিভাগীয় তদন্ত অধ্যক্ষ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না। উল্লেখ্য যে, বিভাগীয় কার্যক্রম অবসানের পর কোনরূপ দণ্ড প্রাপ্ত না হলে বিভাগীয় কার্যক্রমে অতিবাহিত সময় পরিচ্ছন্ন চাকুরীকাল হিসেবে গণ্য হবে;

(ঘ) পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র পবিসের ভৌগোলিক এলাকার (সিলেট জেলার জৈন্তাপুর, গোয়াইনঘাট, কানাইঘাট, কোম্পানীগঞ্জ ও সিলেট সদর উপজেলা এবং সুনামগঞ্জ জেলার ছাতক ও দোয়ারাবাজার উপজেলা) স্থায়ী বাসিন্দাগণের আবেদন করার প্রয়োজন নাই

(ঙ) অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক এবং কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা তাদের স্বামী/স্ত্রীর রক্তের সম্পর্কের আত্মীয় স্বজনদের আবেদন করার প্রয়োজন নেই।

- ০৪। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য “চলতি দায়িত্বে” নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন সময়ে কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে প্রত্যাবর্তন করা হবে।
- ০৫। পবিস নির্দেশিকা ও সর্বশেষ সার্কুলার অনুযায়ী মূলবেতন সংরক্ষণ করা হবে।
- ০৬। তথ্য গোপন করে যদি কেউ নিয়োগ প্রাপ্ত হন, তবে তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৭। ইতঃপূর্বে অন্য কোন পবিসের চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।
- ০৮। পদোন্নতি প্রদানের ক্ষেত্রে “সিলেট পবিস-২ এর কর্মচারী চাকুরী বিধি,-১৯৯২ (সংশোধিত-২০১২)” এবং পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ প্রতিপালন করা হবে।
- ০৯। নির্বাচনী সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১০। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে নিয়োগ সংক্রান্ত যেকোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৪-১০-২৬
(পংকজ চৌধুরী)

জেনারেল ম্যানেজার (চ:দা:)
মোবাঃ ০১৭৬৯৪০০০৭৭

অনুলিপিঃ -জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় (সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)

- ০১। জেলা প্রশাসক/পুলিশ সুপার, সিলেট।
- ০২। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ০৩। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----পবিস-১/২/৩/৪।
- ০৬। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
- ০৭। ডিজিএম (কারিগরি)/কানাইঘাট/কোম্পানীগঞ্জ জোনাল অফিস, সিলেট পবিস-২।
- ০৮। এজিএম (অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা/প্রশাসন/ইএন্ডসি/আইটি), সিলেট পবিস-২।
- ০৯। এজিএম (ওএন্ডএম), শিবের বাজার/গোয়াইনঘাট/গাছবাড়ী সাব-জোনাল অফিস, সিলেট পবিস-২।
- ১০। এজিএম (আইটি), সিলেট পবিস-২ (ফরমসহ বিজ্ঞপ্তি অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)
- ১১। নোটিশ বোর্ড, সিলেট পবিস-২।
- ১২। অফিস/মাস্টার কপি।

২৪-১০-২৬
(পংকজ চৌধুরী)

জেনারেল ম্যানেজার (চ:দা:)
মোবাঃ ০১৭৬৯৪০০০৭৭